

## 💵 হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা ও সালাত [নামাজ] রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইব্ন আলী ইব্ন ওয়াহফ আল-কাহত্বানী

১৭. রুকু'র দো'আ

33-(1) «سُبُحانَ رَبِّيَ الْعَظِيم». .

(সুবহা-না রব্বিয়াল 'আযীম)।

৩৩-(১) "আমার মহান রব্বের পবিত্রতা ও মহিমা ঘোষণা করছি" (তিনবার)[1]

2-34 «سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ، اللَّهُمَّ اغْفِرْ لِي».

(সুবহা-নাকাল্লা-হুম্মা রব্বানা ওয়াবিহামদিকা, আল্লা-হুম্মাগফির লী)।

৩৪-(২) "হে আল্লাহ! আমাদের রব্ব! আপনার পবিত্রতা ও মহিমা ঘোষণা করছি আপনার প্রশংসাসহ। হে আল্লাহ! আপনি আমাকে মাফ করে দিন।"[2]

35-(3) «سُبُّوُحٌ، قُدُّوسٌ، رَبُّ المَلاَئِكَةِ وَالرُّوحِ».

("সুব্দৃহ্ন কুদ্দুসুন রব্বুল মালা-'ইকাতি ওয়াররূহ)।

৩৫-(৩) "(তিনি/আপনি) সম্পূর্ণরূপে দোষ-ক্রটিমুক্ত, অত্যন্ত পবিত্র ও মহিমাম্বিত; ফেরেশতাগণ ও রূহ এর রব্ব।"[3]

36-(4) «اللَّهُمَّ لَكَ رَكَعْتُ، وَبِكَ آمَنْتُ، وَلَكَ أَسْلَمْتُ، خَشَعَ لَكَ سَمْعِي، وَيَصَرِي، وَمُخِّي، وَعَــظْمِي، وَعَــظْمِي، وَعَــظْمِي، وَعَــظْمِي، وَعَصَبِي، [وَمَا استَقَلَّتْ بِهِ قَدَمِي]».

(আল্লা-হুম্মা লাকা রাকা'তু, ওয়াবিকা আ-মানতু ওয়া লাকা আস্লামতু। খাশা'আ লাকা সাম'ঈ ওয়া বাসারী ওয়া মুখ্খী ওয়া 'আযমী ওয়া 'আসাবী [ওয়ামাস্তাকাল্লাত বিহি কাদামী])।

৩৬-(৪) "হে আল্লাহ! আমি আপনার জন্যেই রুকু করেছি, আপনার উপরই ঈমান এনেছি এবং আপনার কাছেই আত্মসমর্পণ করেছি। আমার কান, আমার চোখ, আমার মস্তিষ্ক, আমার হাড়, আমার পেশী, সবই আপনার জন্য বিনয়াবনত। [আর যা আমার পা বহন করে দাঁড়িয়ে আছে (আমার সমগ্র সত্তা) তাও (আপনার জন্য বিনয়াবনত)]"[4]।

37-(5) «سُبُّحَانَ ذِي الْجَبَرُوت، وَالْمَلَكُوت، وَالْكِبْرِيَاء، وَالْعَظَمَةِ».

(সুবহা-নাযিল জাবারূতি ওয়াল মালাকৃতি ওয়াল কিবরিয়া'ই ওয়াল 'আযামাতি)।

৩৭-(৫) "পবিত্রতা ও মহিমা ঘোষণা করছি সেই সন্তার, যিনি প্রবল প্রতাপ, বিশাল সাম্রাজ্য, বিরাট গৌরব-গরিমা এবং অতুলনীয় মহত্ত্বের অধিকারী"[5]।



## ফুটনোট

- [1] সুনানের গ্রন্থাকারগণ ও আহমাদ হাদীসটি উদ্ধৃত করেছেন। আবূ দাউদ, নং ৮৭০; তিরমিযী, নং ২৬২; নাসাঈ, নং ১০০৭; ইবন মাজাহ্, নং ৮৯৭; আহমাদ, নং ৩৫১৪। আরও দেখুন, সহীহুত তিরমিযী, ১/৮৩।
- [2] বুখারী ১/৯৯, নং ৭৯৪; মুসলিম ১/৩৫০, নং ৪৮৪।
- [3] মুসলিম ১/৩৫৩, নং ৪৭৪; আবৃ দাউদ ১/২৩০, নং ৮৭২।
- [4] মুসলিম ১/৫৩৪, নং ৭৭১; তাছাড়া চার সুনান গ্রন্থকারগণের মধ্যে ইবন মাজাহ ব্যতীত সবাই তা উদ্ধৃত করেছেন। আবূ দাউদ, নং ৭৬০, ৭৬১; তিরমিয়ী, নং ৩৪২১; নাসাঈ, নং ১০৪৯; তবে দুই ব্রাকেটের অংশ ইবন খুয়াইমার শব্দ, নং ৬০৭; ইবন হিব্বান, নং ১৯০১।
- [5] আবু দাউদ ১/২৩০, নং ৮৭৩; নাসাঈ, নং ১১৩১; আহমাদ, নং ১৩৯৮০। আর তার সনদ হাসান।

Source — https://www.hadithbd.com/books/link/?id=933

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন